“দু’জন মুসলিম পরস্পর সাক্ষাৎ করার পর যখন মুসাফাহা করে, তখন তাদের বিচ্ছিন্ন হওয়ার আগেই তাদের গুনাহ মাফ করে দেওয়া হয়”।

বারা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি
ওয়া সাল্লাম বলেছেন: “দু’জন মুসলিম পরস্পর সাক্ষাৎ করার পর যখন মুসাফাহা করে, তখন
তাদের বিচ্ছিন্ন হওয়ার আগেই তাদের গুনাহ মাফ করে দেওয়া হয়”। [হাদিসটি এর বিভিন্ন সূত্রের সমন্বয়ে সহীহ।] [এটি আবূ দাউদ, তিরমিযী, ইবনে মাজাহ ও আহমাদ বর্ণনা
করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যদি দুজন মুসলিম রাস্তায় অথবা অনুরূপ কোথাও দেখা করে এবং তাদের একজন অন্যজনের সাথে মুসাফা করে, তাহলে তাদের বিদায়ের আগেই অথবা মুসাফা শেষ হওয়ার আগেই তাদের ক্ষমা করে দেওয়া হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/6257